# Sanatan Dharma

**আপনি তখন প্রকৃতির সন্তান**

আপনি যত স্ট্রং আপনি আপনার আপনজনদের কাছে তত বেশি অবহেলিত।

আপনার কোন জিনিসে তাদের মায়া লাগবে না, তারা জানে পরিস্থিতি যাই হোক যুদ্ধ করে ঠিকই আপনি টিকে যাবেন। তাই মায়া হয় না মা বাবারও ঐ সন্তানের জন্য যারা কোন সমস্যায় তাদের অনুগ্রহ না চেয়ে, ফ্যাচফ্যাচ করে না কেঁদে বরং নিজেই সমাধান করে ফেলে।
আপনার স্ত্রী বা স্বামীও যখন দেখবে আপনি একাই সমস্ত কিছু সামলে নিচ্ছেন, কোন অসুস্থতায়ও দমে যাচ্ছেন না, বাচ্চাকাচ্চা,ঘর সব সামলাচ্ছেন তখন সেও ভাববে এ আর এমন কি!!! হয়তো কোন কষ্ট বা ব্যাথা কিছুই অনুভূত হয় না আপনার।

আপনি নিজেই নিজেকে বানিয়েছেন লৌহমানব বা মানবী। আপনার কষ্ট হয় না বলেই সবাই জানে। না শরীরে, না মনে, না আত্মায়।কোথাও কষ্টের ছিটেফোঁটা ও লাগে না আপনার। বড় বড় পরিস্থিতিও যখন মুখ বুজে সয়ে যাবেন আর কারো সামনে দুর্বলতা প্রকাশ করতে চাইবেন না এবং বাইরের জগৎ এ স্বাভাবিক থাকবেন তখন কেউ সহানুভূতি টুকুও দেখাবে না। মাথায় হাত রাখবে না, দীর্ঘশ্বাস শুনবে না। কারণ আপনি নিজেকে সেভাবে উপস্থাপন করেননি। করতে চানও নি।

কিন্তু যারা ছোটছোট জিনিসেও কান্নাকাটি করে ঘর মাথায় তুলবে,মিথ্যা ক্ষনিকের ভাল না থাকার নাটক শোনাবে তাদেরকে সবাই জড়িয়ে ধরবে, আদর করবে, সাহস দেবে, বোঝাবে, রান্না করে টেবিলে বাতাস করতে থাকবে আবার পারলে দু' গাল খাইয়েও দেবে।

এটাই বাস্তবতা। আপনি যত স্ট্রং হবেন তত ই আপনার আপনজন, সহানুভূতির মানুষ বা ভালবাসার কেউই থাকবে না।

তবে মনে রাখবেন এইটা চরম বাস্তব, আপনার প্রতি কারো কোন অনুভূতি না থাকলেও আপনি তখন প্রকৃতির সন্তান। প্রকৃতি ঠিকই আপনাকে সামলে নেবে।

এবং এইটা এতটাই সত্যি যে আর নতুন করে কিছু বলার নেই বাস্তব অগণিত অভিজ্ঞতা ঢেলে দেয়া ছাড়া।

Published on: Jun, 10 2023 10:01